# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ১. ২. মানুষের আয়ু ১২০ বছর

পয়দায়েশ/ আদিপুস্তক ৬/৩: ‘‘তাতে মাবুদ বললেন, আমার রূহ মানুষের মধ্যে চিরকাল ধরে অবস্থান করবেন না, কেননা তারা মরণশীল; পক্ষান্তরে তাদের সময় এক শত বিশ বছর হবে।’’ (মো.-১৩)

‘মানুষের আয়ু ১২০ বৎসর হবে’- এ কথাটা ভুল। কারণ পূর্ববর্তী যুগের মানুষদের বয়স আরো অনেক দীর্ঘ ছিল। আদিপুস্তকের ৫ অধ্যায়ের ১-৩১ শ্লোকের বর্ণনা অনুসারে আদম ৯৩০ বছর জীবিত ছিলেন। অনুরূপভাবে শীস (শেথ) ৯১২ বছর, ইনোশ ৯০৫ বছর, কৈনন ৯১০ বছর, মহললেল ৮৯৫ বছর, যেরদ ৯৬২, হানোক (ইদরীস) ৩৬৫ বছর, মথূশেলহ ৯৬৯ বছর, লেমক ৭৭৭ বছর পৃথিবীতে জীবিত ছিলেন। নোহ (নূহ) ৯৫০ বছর জীবিত ছিলেন। (আদিপুস্তক ৯/২৯)। এ ভাবে প্রমাণিত যে, মানুষের আয়ু ১২০ বছর বলে নির্ধারণ করা ভুল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14142

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন